



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

এসএমই বিভাগ

www.krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/এসএমইবিভাগ(শাখা-২)প্রক্রে-৩(৩৮)দুধ উৎপাদন/২০২৪-২০২৫/৯৬

তারিখঃ ১৫.০৭.২০২৪

মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয়

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ বাংলাদেশকে দুধে স্বয়ংসম্পূর্ণ করার জন্য ৫% সুদে দুধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে রেয়াতী সুদে বিতরণকৃত ঋণের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের নিকট ৫% হারে ক্ষতিপূরণ দাবীর প্রতিবেদন (০১.০৭.২০২৩ হতে ৩০.০৬.২০২৪ পর্যন্ত) প্রেরণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে দুধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে ৫% রেয়াতী হার সুদে ঋণ বিতরন সংক্রান্ত অত্র বিভাগের ৩০.০৯.২০১৫ ইং তারিখের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র-০২/২০১৫ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পত্রের অনুলিপি নং-১২ এ বর্ণিত নির্দেশনার আলোকে বাংলাদেশ ব্যাংকের নিকট দুধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে বিতরণকৃত ঋণের ক্ষতিপূরণ দাবী করার জন্য আলোচ্য খাতে বিতরণকৃত ঋণের মধ্যে যে সকল ঋণ হিসাবের টাকা নির্ধারিত সময়ের মধ্যে প্রচলিত নিয়মে সুদাসলে সম্পূর্ণ আদায়/সমন্বয় হয়েছে এরূপ বন্ধ হিসাবগুলোর তথ্য সংযুক্ত ছকে মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয় হতে সংগ্রহপূর্বক অঞ্চল ভিত্তিক প্রতিবেদন একীভূত করে (দাবীতব্য হিসাবসমূহের ঋণ বিতরণের তারিখ হতে ৩০.০৬.২০২৪ পর্যন্ত ঋণ হিসাব বিবরণী ও প্রত্যয়ন পত্র সংযুক্ত করতঃ) আগামী ২১.০৭.২০২৪ তারিখের মধ্যে অত্র বিভাগে (সফট কপি ই-মেইলযোগে dgmsme@krishibank.org.bd এবং হার্ড কপি ডাকযোগে) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৩। উল্লেখ্য, যে সকল ঋণ হিসাব সুদসহ প্রচলিত নিয়মে আদায়ের মাধ্যমে ০১.০৭.২০২৩ থেকে ৩০.০৬.২০২৪ তারিখের মধ্যে বন্ধ করা হয়েছে কেবলমাত্র সে সকল ঋণ হিসাব ক্ষতিপূরণ দাবীর তালিকায় আসবে এবং উক্ত হিসাবসমূহের উপর ৫% হারে ক্ষতিপূরণ দাবী করতে হবে। অনিয়মিত কিস্তি পরিশোধের কারণে আলোচ্য স্কিমের আওতায় যে সকল ঋণ হিসাবে প্রচলিত হারে সুদারোপ করা হয়েছে উক্ত হিসাব সমূহের জন্য ক্ষতিপূরণ দাবী করা যাবে না। এছাড়া, যথা নিয়মে আদায়/বন্ধ হওয়া কোন ঋণ কেইস যাতে ক্ষতিপূরণ দাবীর তালিকা থেকে বাদ না পড়ে সে বিষয়ে সতর্ক থাকতে হবে। বন্ধ হিসাব সমূহ বাদ পড়লে পরবর্তীতে আর ক্ষতিপূরণ দাবী করা যাবে না। তাছাড়া ১০% কেইস বাংলাদেশ ব্যাংক সৈম্পল ভিত্তিতে যাচাই করবে বিধায় প্রতিবেদনে সন্নিবেশিত তথ্যে যাতে কোন প্রকার ভুল-ভ্রান্তি না হয় সেদিকে বিশেষভাবে লক্ষ্য রেখে ক্ষতিপূরণ বাবদ দাবীতব্য সুদের হিসাব সঠিকভাবে নিরূপণপূর্বক প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণ করতে হবে। ক্ষতিপূরণ প্রস্তাব প্রেরণে বিলম্ব হলে এবং ত্রুটিপূর্ণ প্রস্তাব প্রেরণের কারণে ব্যাংক কোনরূপ আর্থিক ক্ষতির সম্মুখীন হলে এর দায় সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক এবং অঞ্চলের আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের উপর বর্তাবে।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত,

(আ. ন. ম. বজলুল করিম)

উপমহাব্যবস্থাপক

ফোন : ০২৪৭-১২০১৬৬

Email:dgmsme@krishibank.org.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, পরিকল্পনা ও পরিচালক মহাবিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
- ০৩। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৪। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহের মাধ্যমে)।
- ০৫। নথি/মহানথি।

(আফরোজা ইসলাম শিমুল)

সহকারী মহাব্যবস্থাপক